

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
উদ্ভাবনী ও বিশেষ অনুদান শাখা  
www.ictd.gov.bd

নম্বর: ৫৬.০০.০০০০.০০০.০৫৩.১৭.০০০১.২১.৬

তারিখ: ১৭ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ  
০২ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

**বিজ্ঞপ্তি**

**বিষয়: ফেলোশিপ/বৃত্তি প্রদান, আইসিটি ক্ষেত্রে উদ্ভাবনীমূলক কাজে অনুদান এবং বিশেষ অনুদান প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্ট  
আগ্রহী প্রার্থীদের নিকট হতে সারা বছরব্যাপী আবেদন গ্রহণ।**

“তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে গবেষণার জন্য ফেলোশিপ ও বৃত্তি প্রদান এবং উদ্ভাবনীমূলক কাজের জন্য অনুদান প্রদান সম্পর্কিত (সংশোধিত) নীতিমালা-২০১৬” অনুযায়ী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক আইসিটি খাতে গবেষণার জন্য ফেলোশিপ/বৃত্তি প্রদান, আইসিটি ক্ষেত্রে উদ্ভাবনীমূলক কাজে উৎসাহ প্রদানের জন্য ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুদান এবং বিশেষ অনুদান প্রদানের লক্ষ্যে সারা বছরব্যাপী আবেদন গ্রহণ করা হবে। নীতিমালায় বর্ণিত যোগ্যতা সম্পন্ন আগ্রহী বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে (দেশে/বিদেশে) অধ্যয়নরত বাংলাদেশী শিক্ষার্থী, গবেষক এবং প্রত্যাশী ব্যক্তি/প্রতিষ্ঠানসমূহের নিকট থেকে অনলাইনে (ims.ictd.gov.bd) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

০২। এ সংক্রান্ত নীতিমালাসহ অনলাইনে আবেদনপত্র দাখিলের লিংক [ims.ictd.gov.bd](http://ims.ictd.gov.bd) হতে বিস্তারিত জানা যাবে ও Online এ আবেদনপত্র দাখিল করা যাবে। সরাসরি আবেদনপত্র দাখিল নিরুৎসাহিত করা যাচ্ছে।

০৩। নীতিমালার সাথে সঙ্গতিপূর্ণ নয় এমন আবেদনপত্র গ্রহণযোগ্য/বিবেচিত হবে না। এছাড়া, অসম্পূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৪। কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল, পরিবর্তন ও পরিবর্তনের ক্ষমতা রাখে।

০২-০৩-২০২৫

আবদুল্লাহ আল মামুন  
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

০২৪১০২৪০৪০

[isg.sec@ictd.gov.bd](mailto:isg.sec@ictd.gov.bd)

০।

**বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। সিনিয়র সচিব/সচিব (সকল)।
- ২। চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
- ৩। বিভাগীয় কমিশনার (সকল)।
- ৪। যুগ্মসচিব, আইসিটি প্রমোশন ও গবেষণা অনুবিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
- ৫। উপসচিব, হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
- ৬। বিভাগীয় প্রধান, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, ..... বিশ্ববিদ্যালয় (যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের অনলাইনে আবেদনপত্র দাখিলের বিষয়ে নির্দেশনা/উৎসাহ প্রদান এবং তাঁর কার্যালয়ের ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
- ৭। জেলা প্রশাসক (সকল)।

৮। পরিচালক, ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি (আইআইটি)/ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (আইআইসিটি), ..... [যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের অনলাইনে আবেদনপত্র দাখিলের বিষয়ে নির্দেশনা/উৎসাহ প্রদান এবং তাঁর কার্যালয়।

৯। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১০। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।

১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ডিজিটাল গভর্নেন্স ও ইমপ্লিমেন্টেশন অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (বিজ্ঞপ্তিটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

